

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
অপারেশন শাখা
www.mor.gov.bd

কমলাপুর স্টেশনের জন্য “Integrated Security System” স্থাপন ও চালু করণের নিমিত্ত M/S Net Connect Ltd কর্তৃক দাখিলকৃত প্রস্তাবনা সংক্রান্ত উপস্থাপনার কার্যবিবরণী:

সভাপতি : মোঃ মোফাজ্জেল হোসেন
সচিব, রেলপথ মন্ত্রণালয়

তারিখ : ০৬/১১/২০১৯

সময় : বিকাল ০৩ ঘটিকা

স্থান : রেলভবনস্থ ৯ম তলার সভা কক্ষ, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা

২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি বলেন যে, বাংলাদেশ রেলওয়ে স্টেশনের জন্য “Integrated Security System”(ISS) স্থাপন এবং চালু করণের নিমিত্ত M/S Net Connect Ltd. কর্তৃক দাখিলকৃত প্রস্তাবনা উপস্থাপনার লক্ষ্যে অদ্য সভা আহবান করা হয়েছে। তিনি M/S Net Connect Ltd প্রতিষ্ঠানের প্রতিনিধিকে তাদের প্রস্তাবনা পাওয়ার পয়েন্টে উপস্থাপনার জন্য অনুরোধ জানান।

৩। M/S Net Connect Ltd. প্রতিষ্ঠানের প্রতিনিধি রেলওয়ে স্টেশনসমূহে Integrated Security System স্থাপনের বিষয়ে পাওয়ার পয়েন্টে উপস্থাপনা করেন। তিনি বলেন যে, আধুনিক বিশ্বে আইএসএস (ISS) নিরাপত্তা রক্ষার একটি আবশ্যিকীয় মানদণ্ড হিসাবে বিবেচিত। রেলওয়ে স্টেশনসমূহের জন্য তিনি আইএসএস (ISS) এর নিম্নলিখিত বিষয়সমূহ বাস্তবায়নের জন্য তাদের পরিকল্পনা তুলে ধরেনঃ

1. Person screening with hand metal detector
2. Secure entry and exit point by archway metal detector and baggage scanner
3. Thermal imaging for supreme security
4. AI (artificial intelligence) surveillance
5. Face detection surveillance
6. People counting system for real-time statistics
7. Car barrier and UVSS for security scan and control vehicle entry
8. Control and command center
9. Manual barriers

উপরোল্লিখিত বিষয়ে M/S Net Connect Ltd এর প্রতিনিধি জানান যে, প্রস্তাবিত আধুনিক টেকনোলজি দ্বারা রেলওয়ে স্টেশনসমূহে সার্বিক নিরাপত্তা জোরদার করা যাবে এবং নিরাপদ যাতায়াত নিশ্চিত করা সম্ভব হবে।

৪। সভাপতি উল্লেখ করেন যে, বর্তমানে জনগুরুত্বপূর্ণ স্থানে সন্ত্রাস দমনের স্বার্থে নিরাপত্তা জোরদার করা অপরিহার্য। সে পরিপ্রেক্ষিতে রেলওয়ে স্টেশনসমূহে নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে “Integrated Security System” এর গুরুত্ব অপরিসীম। আজকের M/S Net Connect Ltd. এর উপস্থাপনার মাধ্যমে আধুনিক যন্ত্রপাতি ব্যবহার করে “artificial intelligence” সহ Thermal CCTV বিভাগীয় স্টেশনসমূহে স্থাপনের বিষয়টি গুরুত্ব সহকারে পর্যালোচনা করে সার্বিক নিরাপত্তা জোরদার করা একান্ত প্রয়োজন। তিনি আরও বলেন যে,


M/S Net Connect Ltd. এর প্রস্তাবনা দ্রুত পর্যালোচনা করে রেলওয়ে স্টেশনসমূহে নিরাপত্তা নিশ্চিত করা অত্যন্ত জরুরি। M/S Net Connect Ltd এর প্রস্তাবিত “Integrated Security System” সংক্রান্ত কাজ রাজস্ব বাজেট থেকে ও Infrastructure Investment Facilitation Company (IIFC)-র মাধ্যমে শুরু করা যায় কিনা বাংলাদেশ রেলওয়ে কর্তৃক তা পর্যালোচনা করে দেখা দরকার।

৫। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে বলেন যে, M/S Net Connect Ltd. কর্তৃক উপস্থাপিত “Integrated Security System” এর বিষয়সমূহ অত্যন্ত যুগোপযোগী এবং রেলওয়ে স্টেশনসমূহে নিরাপত্তা জোরদার করার জন্য তাদের প্রস্তাব পর্যালোচনা করার বিষয়ে বাংলাদেশ রেলওয়ে সকল প্রকার সহযোগিতা প্রদান করবে। তিনি জানান যে, চীফ কমান্ড্যান্ট, রেলওয়ে নিরাপত্তা বাহিনী (পূর্ব), নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার জন্য Access Control System স্থাপনের প্রস্তাবনা ও বাজেট দাখিল করেছেন এবং ঢাকা রেলওয়ে (কমলাপুর) স্টেশনে Access Control System স্থাপন করার বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। এই পরিপ্রেক্ষিতে সভাপতি উল্লেখ করেন যে, M/S Net Connect Ltd. এর “Integrated Security System” প্রতিস্থাপন করার ক্ষেত্রে করণীয় অবিলম্বে নির্ধারণ করতে হবে। নিরাপত্তা ব্যবস্থায় বর্তমানে প্রক্রিয়াধীন বাংলাদেশ রেলওয়ের Access Control System এবং অন্যান্য আধুনিক নিরাপত্তা ব্যবস্থার সাথে M/S Net Connect Ltd. এর “Integrated Security System” (ISS) এর সামঞ্জস্য বিধান করতে হবে মর্মে তিনি উল্লেখ করেন।

৬। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ও সিলেট এই ৫টি বিভাগীয় রেলওয়ে স্টেশনসমূহে M/S Net Connect Ltd. কর্তৃক প্রস্তাবিত “Integrated Security System” এর কাজ রাজস্ব বাজেট থেকে ও IIFC-র মাধ্যমে শুরু করা যায় কিনা বাংলাদেশ রেলওয়ে তা পর্যালোচনা করে একটি Inception Report প্রস্তুত করবে এবং রেলপথ মন্ত্রণালয়ে অনুমোদনের জন্য প্রেরণ করবে।

৭। অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মো. মোফাজ্জেল হোসেন)

সচিব

রেলপথ মন্ত্রণালয়